বিয়ের না করেই গর্ভবতী পপি, সমালোচনার ঝড়!

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: পপি মানেই বাংলা ছবি হিট। এক সময় যাকে বাংলা ছবির কুইন বলা হত। চিত্রনায়িকা পপি এখনো বিয়ে করেননি। জীবনের ৩৮ টি বসন্ত পার করেছেন জাতীয় পুরষ্কার প্রাপ্ত এ গুণী অভিনেত্রী।

নানামুখী সমালোচনা-আলোচনা নিয়েই এগিয়ে যাচ্ছে তার ক্যারিয়ার। কিন্তু গর্ভে তার অনাগত সন্তান! এমন খবরে নিশ্চয়ই চমকে উঠছেন আপনি?

কিন্তু চমকটা চমকই থাক। বাস্তবটা হলো, সম্প্রতি ছোট পর্দায় এমনই এক রূপে পপিকে দেখতে যাচ্ছেন আপনি। রূপালী পর্দায় দীর্ঘদিন অনুপস্থিত চিত্রনায়িকা পপি। ঈদের মৌসুমে ছোটপর্দায় দেখা যায় তাকে। এবার ‘লাভ স্পিড’ নামের একটি টেলিফিল্মে অভিনয় করছেন এই তারকা। সেখানে পপির বিপরীতে অভিনয় করেছেন আমিন খান। একটি ডিজে পার্টিতে পপিকে দেখে আমিন খান। প্রথম দেখায় ভালো লেগে গেলে পপিকে বিয়ের উদ্দেশ্যে খোঁজখবর শুরু করেন তিনি। বিয়ের সিদ্ধান্ত হয়ে গেলে পপি জানায়, তার জীবনের প্রথম পুরুষ আমিন খান।

কিন্তু বিয়ের রাতে বাসর ঘরে জানতে পারেন নববিবাহিত স্ত্রী পপি গর্ভবতী। ঘটনার সূত্রপাত ধরেই চলতে থাকে বিভিন্ন টানাপোড়েন। নির্মাতা জিএম সৈকতের পরিচালনায় টেলিফিল্মে দীর্ঘদিন পরে পপির সঙ্গে জুটিবদ্ধ হয়ে অভিনয় করলেন চিত্রনায়ক আমিন খান।

নিউজবিডি৭১/আর/১২ জুলাই, ২০১৮